# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৪২]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৩৭: কুরআন সম্বন্ধীয় বিবিধ রিওয়ায়াত

## جامع ما جاء في القرآن

আরবী

أَخْبَرَنِي يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، قال: حَدَّثَنَا يَحْيَى، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، عَنْ أُبَيٍّ قال: مَا حَاكَ فِي صَدْرِي مُنْذُ أَسْلَمْتُ إِلَّا أَنِّي قَرَأْتُ آيَةً وَقَرَأَهَا آخَرُ غَيْرَ قِرَاءَتِي فَقُلْتُ: أَقْرَأَنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ الْآخَرُ: أَقْرَأَنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا نَبِيَّ اللَّهِ أَقْرَأْتَنِي آيَةَ كَذَا وَكَذَا. قَالَ: نَعَمْ وَقَالَ الْآخَرُ: أَلَمْ تُقْرِئْنِي آيَةَ كَذَا وَكَذَا. قَالَ: نَعَمْ، إِنَّ جِبْرِيلَ، وَمِيكَائِيلَ عَلَيْهِمَا السَّلَام أَتَيَانِي فَقَعَدَ جِبْرِيلُ عَنْ يَمِينِي وَمِيكَائِيلُ عَنْ يَسَارِي فَقَالَ: جِبْرِيلُ عَلَيْهِ السَّلَام اقْرَأِ الْقُرْآنَ عَلَى حَرْفٍ قَالَ: مِيكَائِيلُ اسْتَزِدْهُ اسْتَزِدْهُ حَتَّى بَلَغَ سَبْعَةَ أَحْرُفٍ فَكُلُّ حَرْفٍ شَافٍ كَافٍ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٨)، مسند احمد ٥/١١٤، ١٢٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 942 ـ صحيح

বাংলা

৯৪১. ইয়াকূব ইবনু ইবরাহীম (রহ.) ..... উবাই (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার ইসলাম গ্রহণের পর থেকে আমার অন্তরে কোন প্রকার সন্দেহ উপস্থিত হয়নি। কিন্তু আমি একটি আয়াত পাঠ করলাম, আর তা অন্য একজন আমার কিরাআতের উল্টোটা পাঠ করল। আমি বললাম, আমাকে এটা রাসূলুল্লাহ (সা.) শিখিয়েছেন। ঐ ব্যক্তিও বলল, আমাকেও এটা রাসূলুল্লাহ (সা.) শিখিয়েছেন। তারপর আমি নবী (সা.) -এর খিদমাতে হাজির হয়ে

বললাম, হে আল্লাহর নবী! আপনি আমাকে অমুক অমুক আয়াত শিখাননি? তিনি বললেন, হ্যা। অন্য লোকটিও বললো, আপনি আমাকে অমুক অমুক আয়াত শিখাননি? তিনি বললেন, হ্যাঁ। জিবরীল আলায়হিস সালাম আমার নিকট এসে আমার ডান পাশে আর মীকাঈল আলায়হিস সালাম আমার বাম পাশে বসলেন। অতঃপর জিবরীল আলায়হিস সালাম বললেন, আপনি কুরআন এক উপভাষায় পাঠ করুন আর মীকাঈল আলায়হিস সালাম বললেন, তা আরও বাড়িয়ে দিন, তা আরও বাড়িয়ে দিন। এরূপে তা সাত উপভাষায় পৌছলো। আর প্রতিটি উপভাষাই রোগ মুক্তি এবং উদ্দেশ্য অনুধাবনে যথেষ্ট।

## English

37. Collection Of What Was Narrated Concerning The Qur'an

It was narrated that Ubayy said: I had no confusion in my mind from that time I embraced Islam, except when I recited a verse and another man recited it differently. I said: 'The Messenger of Allah (ﷺ) taught me this.' And the other man said: 'The Messenger of Allah (ﷺ) taught me too.' So I went to the Prophet (ﷺ) and said: 'O Prophet of Allah, did you not teach me such and such a verse?' He said: 'Yes.' The other man said: 'Did you not teach me such and such a verse?' He said: 'Yes. Jibril and Mika'il, peace be upon them, came to me, and Jibril sat on my right and Mika'il on my left. Jibril, peace be upon him, said: Recite the Quran with one way of recitation.' Mika'il said: 'Teach him more, teach him more- until there were seven modes of recitation, each of which is good and sound.'

### ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ২১১৭০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87315

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন